অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে গভর্নর হোকল ও জাতীয় আবহাওয়া পরিষেবার গুরুতর বিরূপ আবহাওয়া সম্পর্কে সচেতনতার সপ্তাহ ঘোষণা

এই অংশীদারিত্ব নিউ ইয়র্কবাসীদের বসন্ত ও গ্রীষ্মের মাসগুলোতে বন্যা, টর্নেডো ও তীব্র বজ্রঝড়ের বিপদ সম্পর্কে সচেতন করে তুলবে

গুরুতর বিরূপ আবহাওয়া সম্পর্কে সচেতনতার সপ্তাহ হলো 25-29 এপ্রিল, 2022

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে বসন্ত ও গ্রীষ্মের মাসগুলোতে বন্যা, টর্নেডো ও তীব্র বজ্রঝড়ের মৌসুমি বিপদ সম্পর্কে আলোকপাত করতে এ সপ্তাহকে গুরুতর বিরূপ আবহাওয়া সম্পর্কে সচেতনতার সপ্তাহ হিসেবে ঘোষণা করেছেন।

"জলবায়ু পরিবর্তনের কারণে নিউ ইয়র্ক স্টেটব্যাপী কমিউনিটিগুলো হুমকির সম্মুখীন হওয়ার এই সময়ে আমরা গুরুতর বিরূপ আবহাওয়ার ব্যাপারে নিউ ইয়র্কবাসীকে সচেতন করে তোলা এবং প্রস্তুত করার জন্য সুস্পষ্ট মনোযোগ দিচ্ছি যাতে তারা ভবিষ্যতের ঝড়গুলো মোকাবেলার জন্য আরো ভালোভাবে প্রস্তুত থাকতে পারেন," **বলেছেন গভর্নর হোকল।** "গুরুতর বিরূপ আবহাওয়া নিউ ইয়র্কে ক্রমশ সাধারণ বিষয় হয়ে উঠছে, এবং গ্রীষ্মকাল এগিয়ে আসার এই সময়ে অধিবাসীদের উচিত ভবিষ্যতের দুর্যোগগুলো মোকাবেলার জন্য প্রস্তুত থাকা। আমি সকল নিউ ইয়র্কবাসীকে গুরুতর বিরূপ আবহাওয়া সম্পর্কে এবং বজ্রঝড়, বন্যা ও টর্নেডোর কারণে সৃষ্ট বিপদগুলো সম্পর্কে আরো বেশি জানতে উৎসাহিত করছি যাতে বিরূপ আবহাওয়াজনিত জরুরি পরিস্থিতিতে নিজেকে ও আপনার প্রিয়জনদের কিভাবে নিরাপদ রাখতে হবে তা আপনার জানা থাকে।"

নিউ ইয়র্ক স্টেট এবং জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) বার্ষিক ক্যাম্পেইন জনসাধারণকে কোনো সুনির্দিষ্ট বিরূপ আবহাওয়ার হুমকি থেকে কী আশংকা করা যায়, এবং গুরুতর বিরূপ আবহাওয়া যেমন বজ্রঝড়, টর্নেডো, বা হঠাৎ বন্যার সময়ে নিউ ইয়র্কবাসীরা কিভাবে নিজেদের ও তাদের পরিবারদের সুরক্ষিত রাখতে পারেন সে সম্পর্কে শিক্ষাদান করার জন্য তৈরি করা হয়েছে। যুক্তরাষ্ট্র ব্যাপী প্রতি বছর গড়ে 88 জন বন্যার কারণে, 41 জন্য বজ্রপাতের কারণে এবং 68 জন্য টর্নেডোর কারণে মৃত্যুবরণ করেন।

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্ক স্টেট বছর ব্যাপী গুরুতর বিরূপ আবহাওয়ার সম্মুখীন হতে পারে, বিশেষ করে বসন্ত ও গ্রীষ্মের মাসগুলোতে, আর একারণেই নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুতর বিরূপ আবহাওয়ার হুমকি মোকাবেলার উপায় সম্পর্কে জানা এতটা গুরুত্বপূর্ণ। গুরুতর বিরূপ আবহাওয়ার জন্য কিভাবে প্রস্তুতি নিতে হবে এবং কিভাবে সাড়া দিতে হবে সে সম্পর্কে জানতে নিউ ইয়র্কবাসীরা এ সপ্তাহে আমাদের সোশ্যাল মিডিয়ায় চোখ রাখতে পারেন। বিপজ্জনক ঝড় আঘাত হানার সময়, আগে থেকে একটি পরিকল্পনা থাকা এবং পরিস্থিতির উপর ভিত্তি করে আশ্রয় গ্রহণ করা অথবা নিরাপদ জায়গায় সরে যাওয়ার জন্য প্রস্তুত থাকা প্রয়োজন।"

জাতীয় আবহাওয়া পরিষেবার ভারপ্রাপ্ত ডিরেক্টর ম্যারি এরিকসন বলেন, "জাতীয় আবহাওয়া পরিষেবা সময়ানুগ ও নির্ভুল পর্যবেক্ষণ ও সতর্কবার্তা প্রদান করে, কিন্তু সেগুলো তখনই কার্যকর হবে যদি লোকজন সেগুলো গ্রহণ করে, তাদের ঝুঁকির বিষয়টি অনুধাবন করতে পারে, এবং নিজেদের সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করতে পারে। দ্রুত সতর্কবার্তা পাওয়া নিশ্চিত করতে স্থানীয় আবহাওয়ার জরুরি সতর্কবার্তার জন্য সাইন আপ করা এবং আপনার পরিবারের সাথে জরুরি অবস্থার জন্য পরিকল্পনা তৈরি করার মাধ্যমে গুরুতর বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নিন।"

নিচে ব্যক্তিগতভাবে প্রস্তুতি গ্রহণের চারটি ধাপ উল্লেখ করা হলো যা সব নিউ ইয়র্কবাসীর জানা উচিত:

1. **একটি পরিকল্পনা তৈরি করুন:** আপনার ও আপনার পরিবারের জন্য বাড়িতে, স্কুলে, কর্মস্থলে ও ঘরের বাইরে থাকাকালীন সময়ের জন্য একটি পরিকল্পনা তৈরি করুন। আশ্রয় গ্রহণের জন্য একটি নিরাপদ স্থান শনাক্ত করুন - বাড়িতে ও বাড়ি থেকে দূরে থাকাকালীন উভয় সময়ের জন্য - এবং জরুরি অবস্থার সতর্কবার্তা জারি করা হলে কী পদক্ষেপ গ্রহণ করতে হবে তা জেনে রাখুন।
2. **একটি কিট প্রস্তুত রাখুন:** আপনার বাড়ি ও গাড়ির জন্য 7-10 দিনের জরুরি রসদ প্রস্তুত রাখতে হবে, যার মধ্যে একটি ফ্ল্যাশলাইট, সরাসরি জাতীয় আবহাওয়া পরিষেবা থেকে সম্প্রচার গ্রহণ করে এমন একটি আবহাওয়া রেডিও, ও বাড়তি ব্যাটারি রাখতে হবে। পরিবারের মেডিকেল চাহিদা ও ওষুধপত্রের জন্য পরিকল্পনা করুন, এবং পরিবারের সব পোষাপ্রাণীর জন্য জরুরি রসদ রয়েছে তা নিশ্চিত করুন।
3. **অবহিত থাকুন:** জরুরি সতর্কবার্তা ব্যবস্থার (Emergency Alert System, EAS) বার্তা পাওয়ার জন্য টিভি ও রেডিও স্টেশনগুলোর প্রতি লক্ষ রাখুন এবং স্থানীয় জরুরি অবস্থা সংক্রান্ত নির্দেশসমূহ অনুসরণ করুন। alert.ny.gov ওয়েবসাইটে সংকটপূর্ণ জরুরি অবস্থা সংক্রান্ত তথ্য সরবরাহ করে এমন একটি বিনামূল্যের পরিষেবা, NY অ্যালার্ট (NY Alert)-এ সাবস্ক্রাইব করার মাধ্যমে আপনার কম্পিউটারে বা সেল ফোনে জরুরি অবস্থা সংক্রান্ত তথ্য গ্রহণ করুন।

4. **সম্পৃক্ত হোন:** জরুরি অবস্থার জন্য পরিকল্পনা ও ব্যক্তিগতভাবে প্রস্তুতি গ্রহণ সংক্রান্ত পরামর্শ সম্পর্কে আরো জানতে আপনার স্থানীয় জরুরি অবস্থা ব্যবস্থাপনা অফিসে যোগাযোগ করুন। আমেরিকান রেড ক্রস (American Red Cross), নিউ ইয়র্ক কেয়ার্স (New York Cares), ভলান্টিয়ার NY (Volunteer NY), অথবা স্যালভেশন আর্মি (Salvation Army) এর মতো সংস্থাগুলোতে স্বেচ্ছাসেবী হিসেবে দায়িত্ব পালনের বিষয়টি বিবেচনা করুন।

গুরুতর বিরূপ আবহাওয়ার আগেই ব্যক্তিগতভাবে প্রস্তুতি গ্রহণ সম্পর্কে আরো তথ্য জানতে, DHSES-এর নিরাপত্তা ও প্রতিরোধ বিষয়ক ওয়েবপেইজ dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418